



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

রেস্টুরেন্ট মালিকদের জন্য OATH সম্পর্কিত তথ্য

আমার রেস্টুরেন্টটি কখন পরিদর্শন করা হবে? NYC-এর প্রতিটি খাদ্য সেবা প্রতিষ্ঠানে বছরে অন্তত একবার অঘোষিতভাবে, অনসাইট পরিদর্শন পরিচালনা করা হয়। রেস্টুরেন্টের খাদ্য বা পানীয় গ্রহণ বা প্রস্তুতি কালে অথবা সকলের জন্য রেস্টুরেন্ট খোলা থাকাকালে যেকোনো সময় পরিদর্শক পরিদর্শনে আসতে পারেন।

আমি কি পরিদর্শকের বক্তব্যের সাথে দ্বিমত পোষণ করতে পারি? হ্যাঁ। নিউ ইয়র্ক সিটির আইন অনুযায়ী, পরিদর্শকের যেকোনো মতামত বা সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি OATH-এ অনুষ্ঠিত প্রশাসনিক শুনানিতে চ্যালেঞ্জ করতে পারবেন।

আমার লেটার গ্রেড কিভাবে নির্ধারণ করা হবে? পরিদর্শন কালে নজরে আসা সকল NYC স্বাস্থ্য কোড অথবা অন্যান্য NYC আইন, নিয়ম বা নীতি লঙ্ঘনের সাথে কিছু নির্দিষ্ট পরিমাণ “পয়েন্ট”-এর সম্পর্ক রয়েছে। লঙ্ঘনের ঝুঁকি জনগণের জন্য যত বেশি, তত বেশি পয়েন্ট সেই লঙ্ঘনের জন্য প্রয়োগ করা হয়। পরিদর্শন শেষে, পরিদর্শনের স্কোরের জন্য সকল পয়েন্ট যোগ করা হয়। পরিদর্শন স্কোর কম হওয়া মানে উত্তম লেটার গ্রেড ও কম জরিমানা। লেটার গ্রেডের সীমা এরকম: মোট স্কোর 0-13 পয়েন্ট = “A” গ্রেড; 14-27 পয়েন্ট = “B” গ্রেড; এবং 28 বা তার বেশি পয়েন্ট = “C” গ্রেড।

দ্রষ্টব্য: আপনার পরিদর্শন স্কোর যত কম হবে, তত কম স্বাস্থ্য বিভাগ আপনাকে পরিদর্শন করবে। বছরের প্রথম পরিদর্শনে যদি আপনাকে 14 পয়েন্টের কম দেওয়া হয়, তাহলে আপনি অবিলম্বে একটি চূড়ান্ত “A” লেটার গ্রেড পাবেন এবং পরিদর্শনের যেকোনো ও সকল জরিমানা মওকুফ হয়ে যাবে। যদি আপনাকে বছরের প্রথম পরিদর্শনে 14 পয়েন্ট বা তার বেশি দেওয়া হয়, তাহলে আপনার প্রতিষ্ঠানে পুনরায় পরিদর্শন করা হবে। আপনি তখন একটি “গ্রেড কার্ড” ও একটি “গ্রেড পেভিং কার্ড” পাবেন। OATH শুনানির তারিখ পর্যন্ত আপনি এই দুইটি কার্ডের যেকোনো একটি পোস্ট করতে পারবেন। পুনঃপরিদর্শনে যদি আপনাকে 14 পয়েন্টের কম দেওয়া হয়, তাহলে এ নির্দিষ্ট পরিদর্শনের সকল জরিমানা মওকুফ হয়ে যাবে। আরো তথ্যের জন্য দেখুন:

- <https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/how-we-score-grade.pdf>
- <https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/restaurant-grading-penalty-relief-faq.pdf>
- <https://www1.nyc.gov/site/doh/business/food-operators/letter-grading-for-restaurants.page>

দ্রষ্টব্য: মোবাইল ফুড ভেন্ডিং ইউনিট, অস্থায়ী খাদ্য সেবা প্রতিষ্ঠান, প্রাইমারী বা সেকেন্ডারি স্কুল দ্বারা পরিচালিত খাদ্য প্রতিষ্ঠান, হাসপাতাল পরিচালিত ক্যাফেটেরিয়া, সংশোধনমূলক ফ্যাসিলিটি, দাতব্য সংস্থা (সুপা কিচেন বা অন্যান্য প্রস্তুত খাদ্য বিতরণ প্রোগ্রাম সহ) বা অলাভজনক সদস্য সংস্থা দ্বারা পরিচালিত খাদ্য সেবা প্রতিষ্ঠান যারা শুধুমাত্র তাদের সদস্যদের খাবার সরবরাহ করে- তাদেরকে লেটার গ্রেড প্রদান করা হয় না।

জনস্বাস্থ্য ঝুঁকির উপর নির্ভর করে লঙ্ঘনসমূহ “গুরুতর” বা “সাধারণ” হতে পারে। গুরুতর লঙ্ঘনের জন্য বেশি পয়েন্ট দেওয়া হয়। লঙ্ঘনসমূহ বিভিন্ন “অবস্থা” মাত্রারও হতে পারে। যেমন, যদি পরিদর্শনের সময় আপনার রেস্টুরেন্টকে 3 ফুট ফাইল দিয়ে পর্যবেক্ষণ করা হয়, তাহলে সেটি 20 ফুট ফাইলের পর্যবেক্ষণের তুলনায় কম “অবস্থা”-এর হতে পারে। “অবস্থা” যত উচ্চ হবে, তত বেশি পয়েন্ট আপনাকে দেওয়া হবে এবং জরিমানাও তত বেশি হবে। যদি আপনি মনে করেন পরিদর্শকের বর্ণিত “অবস্থা” সঠিক নয়, তাহলে OATH শুনানির সময় শুনানি কর্মকর্তার সামনে সেটি উপস্থাপন করার অধিকার আপনার রয়েছে।

দ্রষ্টব্য: বেশিরভাগ DOHMH লঙ্ঘনসমূহের বিভিন্ন অবস্থার একটি ব্যাখ্যামূলক বিশ্লেষণ “পরিদর্শনের সময় আপনি কী প্রত্যাশা করতে পারেন” DOHMH ডকুমেন্টের পৃষ্ঠা 8 এর শুরুতে রয়েছে যা এখানে পাওয়া যাবে : <https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/blue-book.pdf>

আমার সম্ভাব্য জরিমানা কিভাবে গণনা করা হবে এবং সেটি কত বেশি হতে পারে? কথিত লঙ্ঘনসমূহের সংখ্যা, পাশাপাশি সেগুলো “গুরুতর” নাকি “সাধারণ” এবং বর্ণিত “অবস্থা” এসব কিছুর উপর সম্ভাব্য জরিমানা নির্ভর করে। পর্যবেক্ষণ করা প্রতিটি লঙ্ঘনের জন্য একটি জরিমানা হতে পারে। আইন অনুযায়ী জরিমানা নির্ধারিত হবে এবং তা \$200 থেকে \$2000 পর্যন্ত হতে পারে। আপনি “পুনরাবৃত্তিকারী” অপরাধী হিসেবে গণ্য হলে জরিমানা আরো বেশি হতে পারে।

এমন কেউ কি আছে যিনি OATH শুনানির জন্য প্রস্তুতি নিতে আমাকে সহযোগিতা করতে পারে? আপনার যদি কোনো আইনজীবী অথবা নিয়োগকৃত পেশাদার, রেজিস্টার্ড প্রতিনিধি না থাকে, তাহলে OATH আপনাকে একজন OATH হেল্প সেন্টার- প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটরের সাথে বিনামূল্যে কথা বলার সুযোগ দেবে যিনি আপনাকে আইনি তথ্য ও সংস্থান প্রদানের মাধ্যমে OATH শুনানির জন্য প্রস্তুত হতে সহযোগিতা করতে পারবেন। এই ব্যক্তির শুনানি প্রক্রিয়া ও আপনার বিকল্পসমূহ সম্পর্কে তথ্য দিতে পারবেন এবং আপনার কোনো প্রশ্ন থাকলে সেগুলোর উত্তর দিতে পারবেন। হেল্প সেন্টার প্রসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটরের সাথে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণের জন্য অনুগ্রহ করে সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে বিকেল 5 টা পর্যন্ত যেকোনো OATH এর ঠিকানায় সরাসরি OATH হেল্প সেন্টারে এসে, টেলিফোনে (212) 436-0845 নম্বরে, অথবা ইমেইলে

Smallbizhelp@oath.nyc.gov এ যোগাযোগ করুন।

ব্রংক্স
260 E.161st Street
Bronx, NY 10451

ব্রুকলিন
9 Bond Street, 6th Floor
Brooklyn, NY 11201

ম্যানহাটন
66 John Street, 11th Floor
New York, NY 10038

কুইপ
31-00 47th Avenue
Long Island City, NY 11101

স্ট্যাটেন আইল্যান্ড
350 St. Marks Place
Staten Island, NY 10301